# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৪১

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ আল্লাহ তা‘আলার অপার অনুগ্রহ তাদের উপর যাদের উপর বিভিন্ন রকমের শাস্তি অবধারিত হওয়া সত্ত্বেও, তিনি তাদেরকে বিভিন্ন রকমের নায-নি‘আমত দান করেন

## ذِكْرُ الْإِخْبَارِ عَنْ تفضُّل اللَّهِ جَلَّ وَعَلَا بِأَنْوَاعِ النِّعَمِ عَلَى مَنْ يَسْتَوْجِبُ مِنْهُ أَنْوَاعَ النقم

আরবী

641 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدٌ بْنُ مُسَرْهَدٍ عَنْ يَحْيَى الْقَطَّانِ عَنِ الْأَعْمَشِ قَالَ: حَدَّثَنَا سَعِيدُ بْنُ جُبَيْرٍ عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ السُّلَمِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ قَيْسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا أَحَدٌ أَصْبَرَ عَلَى أَذًى يَسْمَعُهُ مِنَ اللَّهِ يَجْعَلُونَ لَهُ نِدًّا وَيَجْعَلُونَ لَهُ وَلَدًا وَهُوَ فِي ذَلِكَ يَرْزُقُهُمْ وَيُعَافِيهِمْ ويعطيهم)
الراوي : عَبْدِ اللَّهِ بْنِ قَيْسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 641 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৪১. আব্দুল্লাহ বিন কাইস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “কষ্টদায়ক কথা শুনে ধৈর্যধারন করার ক্ষেত্রে আল্লাহর চেয়ে অধিক ধৈর্যধারনকারী আর কেউ নেই। মানুষ তাঁর সমকক্ষ নির্ধারণ করে, তাঁর সন্তান সাব্যস্ত করে, তা সত্ত্বেও তিনি তাদেরকে রিযিক দেন, সুস্থতা-নিরাপত্তা দেন এবং তাঁর নায-নি‘আমত দান করেন।”[1]

ফুটনোট

[1] বুখারী, আল আদাব: ৬০৯৯; নাসাঈ, আস সুনানুল কুবরা (তুহফাতুল আশরাফ: ৬/৪২৬); মুসনাদ আহমাদ: ৪/৩৯৫, সহীহ আল বুখারী: ৭৩৭৮।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন

আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৬৬৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আব্দুল্লাহ বিন কাইস (রা.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89143

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন